



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



জগন্নাথ বিশ্ববিদ্যালয় এবং ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের মাঝে গবেষণা সহযোগিতা,
একাডেমিক ও ভর্তি বিষয়ক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত



যুক্তরাষ্ট্রের University of California, Riverside এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাঝে গবেষণা সহযোগিতা, একাডেমিক ও ভর্তি বিষয়ক সমঝোতা স্মারক চুক্তি স্বাক্ষরিত।

৬ সেপ্টেম্বর ২০২২- মঙ্গলবার, রাত ৯ টায় যুক্তরাষ্ট্রের University of California , Riverside (UCR) এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয় এর মাঝে গবেষণা সহযোগিতার জন্য সমঝোতা স্মারক চুক্তি (Memorandum of Understanding -MoU) স্বাক্ষর অনুষ্ঠান জুম অনলাইন প্ল্যাটফর্মে অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্রের University of California , Riverside (UCR) এর পক্ষে প্রতিষ্ঠানের প্রভোস্ট ও এক্সিকিউটিভ ভাইস-চ্যান্সেলর Prof. Dr. Elizabeth Watkins এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের পক্ষে প্রতিষ্ঠানের ভাইস-চ্যান্সেলর অধ্যাপক ড. মো. ইমদাদুল হক চুক্তিতে স্বাক্ষর করেন।

এসময় UCR-এর Prof. Marko Princevac, Prof. Jun Wang এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিনবৃন্দ, পরিচালক (গবেষণা), পরিচালক (ছাত্র-কল্যাণ), শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University



এই চুক্তির আওতায়:- শিক্ষা, গবেষণা এবং সুনির্দিষ্ট ক্ষেত্রগুলোতে শিক্ষক, শিক্ষার্থী এবং প্রশাসকদের পরিদর্শন ও অনানুষ্ঠানিক বিনিময়; ভর্তি, টিউশন ফি ও অন্যান্য ফি প্রদানের মওকুফ সুবিধা; স্নাতকোত্তর শিক্ষা ও প্রশিক্ষণে সহযোগিতা; একাডেমিক তথ্য ও উপকরণ বিনিময়; শিক্ষাবর্ষে বা গ্রীষ্মকালীন সময়ে দুই বিশ্ববিদ্যালয়ের স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষার্থীদের জ্ঞানের আদান-প্রদান; যৌথ গবেষণা, ওয়ার্কসপ, কনফারেন্স এবং সহযোগিতামূলক কার্যক্রম গ্রহণ; অন্যান্য বিনিময় ও পারস্পরিক সহযোগিতামূলক কার্যক্রমসহ বিভিন্ন সুবিধা লাভ করবে UCR এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়-এর শিক্ষক, গবেষক ও শিক্ষার্থীরা। প্রাথমিক পর্যায়ে এই MoU চুক্তিটি পাঁচ বছরের জন্য বলবৎ থাকবে।